

BENG6014

3 Yr. Degree/4 Yr. Honours 6th Semester Examination, 2026 (CCFUP)

Subject : Bengali

Course: BENG 6014 (MAJOR)

(বিশ শতকের কবিতা, উপন্যাস, ছোটগল্প, নাটক)

Full Marks: 60

Time: 3 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

২×১০=২০

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) ‘বিদ্রোহী’ কবিতাটি কবে, কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- (খ) নীরেন্দ্রনাথ চক্রবর্তীর লেখা ‘অমলকান্তি’ কবিতাটি তাঁর লেখা কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? অমলকান্তি কী হতে চেয়েছিল?
- (গ) “তবু বিশ্বমানবের একমাত্র সত্য বলে জানি”—কোন কবিতার অংশ? কবির নাম লেখো।
- (ঘ) ‘বাবরের প্রার্থনা’ কবিতায় বাবরের প্রার্থনা কার জন্য? “পাথর করে দাও আমাকে নিশ্চল”— বাক্যটি কবিতায় কতবার ব্যবহার করা হয়েছে?
- (ঙ) কোপাই নদীর প্রায় মাঝামাঝি জায়গায় যে বিখ্যাত বাঁকটার নাম হাঁসুলী বাঁক— সেই বাঁকটিকে ‘হাঁসুলী বাঁক’ কেন বলা হয়েছে লেখো।
- (চ) “নদীর ধারে বাস ভাবনা বারো মাস”— কে, কোন প্রসঙ্গে একথা বলেছে?
- (ছ) ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসের করালী কোন কাজের সঙ্গে কোথায় যুক্ত ছিল?
- (জ) ‘পূজার ভূত’ গল্পে কথকের নাম কী? শামীমাসির সঙ্গে তার সম্পর্ক কী?
- (ঝ) ‘দেবী’ গল্পে উমাপ্রসাদের বয়স কত? সে সম্প্রতি কোন শিক্ষায় যুক্ত হয়েছে?
- (ঞ) “এ অভিযোগ নতুন নয়”— ‘ক্যাকটাস’ গল্পে কে অভিযোগ করেছে? অভিযোগটি কী?
- (ট) ‘বেহুলার ভেলা’ গল্পে বাবার ঘুম যাতে না ভেঙে যায় তার জন্য অমিয়া কোন সতর্কতা অবলম্বন করেছিল?
- (ঠ) ‘দুঃশাসনীয়’ গল্পে রাবেয়া পুকুরঘাট থেকে আর ফিরল না কেন?
- (ড) ‘কারাগার’ নাটকটির প্রথম অঙ্কের ঘটনাস্থল উল্লেখ করো বসুদেব কে?
- (ঢ) “ওর ছায়াস্পর্শও গুরুপাতক”— কার ছায়া? তা কেন গুরুপাতক?
- (ণ) “যদুবংশের রাজত্ব পুনঃপ্রতিষ্ঠিত হোক, আমার পাপের প্রায়শ্চিত্ত হোক”— কার উক্তি? কার উদ্দেশে এই উক্তি?

Please Turn Over

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “একটি কবিতা লেখা হবে”— তার জন্য কোন কোন প্রাকৃতিক ঘটনা ঘটেছে ‘একটি কবিতার জন্য’ কবিতা অবলম্বনে আলোচনা করো।

(খ) “জীবন, জীবন-মোহ
ভাষাহারা বুকে স্বপ্নের বিদ্রোহ—
মেলাবেন, তিনি মেলাবেন।”— ‘সংগতি’ কবিতায় কবি কীভাবে এই সংগতিবোধে পৌঁছেছেন তা সংক্ষেপে লেখো।

(গ) ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসে পাখি চরিত্রটির গুরুত্ব লেখো।

(ঘ) ‘পথ-নির্দেশ’ গল্পের সুলোচনা চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঙ) ‘শেঠানীজী’ গল্পে শেঠানীজীর শেষ পরিণতির জন্য কে কতখানি দায়ী বিচার করো।

(চ) ‘কারাগার’ নাটকে চন্দনা চরিত্রের ভূমিকা আলোচনা করো।

১০×২=২০

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) সামাজিক অস্থিরতার চিত্র কীভাবে ১৯৪৬-৪৭ কবিতায় শিল্পরূপ লাভ করেছে, তা প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে আলোচনা করো।

(খ) ‘হাঁসুলী বাঁকের ইতিকথা’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) ‘মহানগর’ গল্পে একদিকে নাগরিক ঐশ্বর্যের আড়ালে থাকা অন্ধকার ও অন্যদিকে মানবিক সম্পর্কের আলো কীভাবে ফুটে উঠেছে বিশ্লেষণ করে দেখাও।

(ঘ) পৌরাণিক কাহিনি অবলম্বনে ‘কারাগার’ নাটকটি লেখা হলেও এটি প্রকৃতপক্ষে পৌরাণিক নাটক নয়, স্বদেশপ্রেম-মূলক নাটক— আলোচনা করো।